

প্রগতিশীল ছাত্র জোটের সংবাদ সম্মেলন

ঢা.বিকে বাণিজ্যিক প্রতিষ্ঠান বানানোর প্রচেষ্টা রোধের অঙ্গীকার

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক : ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাণিজ্যিক প্রতিষ্ঠানে পরিণত করার যেকোন প্রচেষ্টা রুখে দেয়ার আহ্বান জানিয়েছে প্রগতিশীল ছাত্রজোট নেতৃবৃন্দ।
সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যাটিনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ এই আহ্বান জানান। সাংবাদিক সম্মেলনে বলা হয়, সাবেক উপাচার্য অধ্যাপক আনোয়ারউল্লাহ চৌধুরীর সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিশ্বব্যাংকের প্রস্তাবিত কর্তৃত্ব শিক্ষা পুনর্গঠন কর্মসূচি বাস্তবায়নের অংশ হিসেবে নাইট শিফটে বাণিজ্যিক ডিগ্রিতে কোর্স চালুর চেষ্টা হয়েছিল। প্রগতিশীল ছাত্র সংগঠনের প্রতিরোধের মুখে কর্তৃপক্ষ তা স্থগিত করতে

বাধ্য হন। সম্প্রতি নতুন কৌশলে সমাজকল্যাণ ও পবেষণা ইনস্টিটিউট এবং তথ্যবিজ্ঞান ও এম্বায়ার ব্যবস্থাপনা বিভাগে বাণিজ্যিক ডিগ্রিতে মাস্টার্স ডিগ্রি চালুর প্রক্রিয়া চলছে। নেতৃবৃন্দ বলেন, ঢাকার বিনিময়ে এ ধরনের ডিগ্রির ব্যবস্থা করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বৈষম্যমূলক শিক্ষা ব্যবস্থা চালু করার চেষ্টা চলছে। এটি বিশ্ববিদ্যালয়কে বেসরকারিকরণের চক্রান্তেরই অংশ। তারা ইতোমধ্যে বিভিন্ন বিভাগে চালুকৃত বাণিজ্যিক কোর্সও বাতিলের দাবি জানান।

সাংবাদিক সম্মেলনে শিক্ষার বাণিজ্যিকীকরণ বন্ধের দাবিতে ছাত্রজোট নেতৃবৃন্দ আগামী বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে স্মারকপিপি পেশ এবং ২৯শে এপ্রিল টিএসসি সভাকক্ষে ছাত্র-শিক্ষক-অভিভাবক সমাবেশের কর্মসূচি ঘোষণা করেন। সাংবাদিক সম্মেলনে জিহিত বক্তব্য পাঠ করেন জাতীয় ছাত্রকেন্দ্রের সভাপতি রহমান মিলান। এ সময় ছাত্রজোটের অন্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।